NEW YORK STATE OF OPPORTUNITY. Workers' Compensation Board

# ধারা 32 মওকুফ

| English | Bengali Translation |
|---|---|
| **Settling Your Claim** | **আপনার দাবি নিষ্পত্তি** |
| Workers' compensation provides payments as needed for lost wages and lifetime medical care for an injury or illness. But you and the insurance company can agree to permanently close your claim in exchange for one lump-sum payment or an annual payment. This is known as settling the claim with a Section 32 waiver. It's a waiver because you're waiving your right to future compensation in exchange for this payment today. | শ্রমিকদের ক্ষতিপূরণ হারানো মজুরি ও আঘাত বা অসুস্থতার জন্য আজীবন চিকিৎসার প্রয়োজনীয় অর্থ প্রদান করে। কিন্তু আপনি ও বিমা কোম্পানি একটি এককালীন অর্থ প্রদান বা বার্ষিক অর্থ প্রদানের বিনিময়ে আপনার দাবি স্থায়ীভাবে নিষ্পত্তি করতে সম্মত হতে পারেন। এটি *ধারা 32 মওকুফের মাধ্যমে দাবির নিষ্পত্তি* নামে পরিচিত। এটি একটি মওকুফ কারণ আপনি বর্তমানে এই অর্থ গ্রহণের বিনিময়ে ভবিষ্যতের ক্ষতিপূরণের অধিকার প্রত্যাহার করছেন। |
| Because a workers' compensation claim can pay both lost wages and medical care, we'll review how a Section 32 waiver effects both of these. You can settle one and keep the other open – so you get benefits the same way you do today – or you can close both. That's up to you and the insurance company. | যেহেতু একজন শ্রমিকের ক্ষতিপূরণের দাবি হারানো মজুরি ও চিকিৎসা সেবা দু'টোই পরিশোধ করে, তাই আমরা পর্যালোচনা করে দেখবো কিভাবে ধারা 32 মওকুফ এই দু'টোকে প্রভাবিত করে। আপনি একটি দাবি নিষ্পত্তি করতে পারেন এবং অন্যটি চালু রাখতে পারেন – যাতে আপনি আজকের মতোই সুবিধা পেয়ে যেতে পারেন – অথবা আপনি দু'টোই বন্ধ করে দিতে পারেন। এটি আপনার ও বিমা কোম্পানির উপর নির্ভর করে। |
| **What parts of a claim can be permanently closed?** | **দাবির কোন অংশগুলো স্থায়ীভাবে বন্ধ করা যায়?** |
| First, let's talk about the lost wages. | প্রথমে, হারানো মজুরির বিষয়ে কথা বলা যাক। |
| You can take one lump-sum payment for your future lost wages or receive an annual payment. The amount is whatever you, your lawyer, and the insurance company agree upon. It is subject to negotiation, and like all workers' compensation, it's tax-free. But remember – it's the last workers' compensation payment you'll receive for lost wages due to your injury. | আপনি আপনার ভবিষ্যতের হারানো মজুরির জন্য একটি এককালীন অর্থ গ্রহণ করতে পারেন অথবা বার্ষিক অর্থ গ্রহণ করতে পারেন। আপনি, আপনার আইনজীবী ও বিমা কোম্পানি যে পরিমাণের ব্যাপারে সম্মত হবেন, অর্থের পরিমাণ সেটিই হবে। এটি আলোচনা সাপেক্ষ এবং সকল শ্রমিকের ক্ষতিপূরণের মতো এটিও করমুক্ত। কিন্তু মনে রাখবেন – আঘাতের কারণে হারানো মজুরির জন্য সর্বশেষ শ্রমিকদের ক্ষতিপূরণ হিসেবে আপনি অর্থটি পাবেন। |
| Now, the medical care. | এখন, চিকিৎসা সেবা। |
| If you choose to end your medical care coverage through a Section 32 waiver, the insurance company will never pay for your medical care again. You'll receive a one-time, lump sum payment. You may need to set money aside from the lump sum payment in a special account to pay for future medical treatment for your workers' compensation injury. | যদি আপনি একটি ধারা 32 মওকুফের মাধ্যমে আপনার চিকিৎসা সেবা কভারেজ সমাপ্ত করতে চান, তাহলে বিমা কোম্পানি আর কখনো আপনার চিকিৎসা সেবার জন্য অর্থ প্রদান করবে না। আপনি একটি এককালীন পরিমাণ অর্থ পাবেন। আপনার শ্রমিক ক্ষতিপূরণের আঘাত সংক্রান্ত ভবিষ্যৎ চিকিৎসার অর্থ প্রদানের জন্য আপনাকে এককালীন অর্থের একটি নির্দিষ্ট পরিমাণ একটি বিশেষ অ্যাকাউন্টে সরিয়ে রাখতে হতে পারে। |
| **Medicare Set-Asides** | **মেডিকেয়ার সেট- অ্যাসাইডস** |

| | |
|---|---|
| Choosing to end your medical care coverage through a Section 32 waiver may affect your right to Medicare benefits in the future. When settling a workers' compensation claim, the parties must take into account Medicare's interests. This is most often done by setting up a Medicare Set-Aside account (MSA) out of the proceeds of the Section 32 waiver settlement, which will be used to pay for future medical treatment for your workers' compensation injury. | ধারা 32 মওকুফের মাধ্যমে আপনার চিকিৎসা সেবা কভারেজ সমাপ্ত করার সিদ্ধান্ত নিলে তা ভবিষ্যতে আপনার মেডিকেয়ার বেনিফিটসমূহকে প্রভাবিত করতে পারে। শ্রমিকদের ক্ষতিপূরণ দাবির নিষ্পত্তি করার সময়, পক্ষগুলোকে অবশ্যই মেডিকেয়ারের স্বার্থগুলো বিবেচনা করতে হবে। এটি প্রায়শই ধারা 32 মওকুফ নিষ্পত্তির আয় থেকে একটি মেডিকেয়ার সেট-অ্যাসাইড অ্যাকাউন্ট (MSA) চালু করার মাধ্যমে করা হয়, যা আপনার শ্রমিক ক্ষতিপূরণের আঘাত সংক্রান্ত ভবিষ্যৎ চিকিৎসার অর্থ প্রদানের জন্য ব্যবহৃত হবে। |
| Failing to take into account Medicare's interests when you settle your claim can result in Medicare refusing to pay for treatment for your workers' compensation injury. Check with Medicare to learn your rights and responsibilities. Because Medicare is a federal program, the Workers' Compensation Board has no jurisdiction over it. | আপনার দাবি নিষ্পত্তি করার সময় মেডিকেয়ারের স্বার্থ বিবেচনা করতে ব্যর্থ হলে মেডিকেয়ার আপনার শ্রমিক ক্ষতিপূরণের আঘাত সংক্রান্ত চিকিৎসার অর্থ প্রদানে অস্বীকৃতি জানাতে পারে। আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে জানতে মেডিকেয়ারের সাথে আলোচনা করুন। যেহেতু মেডিকেয়ার একটি ফেডারেল প্রোগ্রাম, শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডের এর উপর কোনো এখতিয়ার নেই। |
| **What happens after I spend all the settlement money for my medical care?** | **আমি আমার চিকিৎসার জন্য নিষ্পত্তির সমস্ত অর্থ ব্যয় করার পরে কী হবে?** |
| After you spend your settlement payment designated to cover your medical care, such as out of an MSA, you can pay for care either through Medicare or out-of-pocket. | আপনার চিকিৎসা সেবার খরচ বহন করার জন্য নিষ্পত্তির অর্থ, যেমন MSA থেকে প্রাপ্ত অর্থ, ব্যয় করার পর আপনি চিকিৎসার জন্য মেডিকেয়ার বা সরাসরি অর্থ প্রদান করতে পারেন। |
| To be eligible for Medicare, you must either meet the age requirements or be receiving Social Security Disability Insurance. Check with Medicare to learn your rights – because it is a federal program, the Workers' Compensation Board has no jurisdiction over it. | মেডিকেয়ারের জন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই বয়স সীমার শর্ত পূরণ করতে হবে অথবা সামাজিক নিরাপত্তা অসক্ষমতা বিমা (Social Security Disability Insurance) গ্রহণকারী হতে হবে। আপনার অধিকারসমূহ সম্পর্কে জানতে মেডিকেয়ারের সাথে আলোচনা করুন - যেহেতু মেডিকেয়ার একটি ফেডারেল প্রোগ্রাম, শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডের এর উপর কোনো এখতিয়ার নেই। |
| If Medicare isn't an option, you must pay for future care out-of-pocket. Health insurance does not cover the cost of work-related conditions, so health insurance will not cover the cost of your care. This includes health insurance bought through a state or federal program. | বিকল্প হিসেবে মেডিকেয়ার না থাকলে আপনাকে অবশ্যই ভবিষ্যতের চিকিৎসার জন্য সরাসরি নিজ থেকে অর্থ প্রদান করতে হবে। স্বাস্থ্য বিমা কর্ম-সংক্রান্ত সমস্যার খরচ বহন করে না, তাই স্বাস্থ্য বিমা আপনার চিকিৎসা সেবার খরচ বহন করবে না। এর মধ্যে স্টেট বা ফেডারেল প্রোগ্রামের মাধ্যমে কেনা স্বাস্থ্য বিমা অন্তর্ভুক্ত রয়েছে। |
| You should keep in mind that you and the insurance company can agree to keep the medical portion of your claim open, and the insurance company will pay for your care as it does today. | আপনার মনে রাখা উচিত যে আপনি ও বিমা কোম্পানি আপনার দাবির চিকিৎসা অংশ চালু রাখার ব্যাপারে সম্মত হতে পারেন এবং বিমা কোম্পানি আপনার চিকিৎসার জন্য এখনকার মতোই অর্থ প্রদান করবে। |

| What's the process? | প্রক্রিয়াটি কী? |
|---|---|
| First, either your lawyer will approach the insurance company, or the insurance company will contact your lawyer to settle the claim. If you don't have a lawyer, you'll negotiate with the insurance company and its lawyer. The insurance company will most likely draw up the agreement. | প্রথমে, হয় আপনার আইনজীবী বিমা কোম্পানির সাথে যোগাযোগ করবেন অথবা বিমা কোম্পানি আপনার আইনজীবীর সাথে যোগাযোগ করে দাবি নিষ্পত্তি করবে। যদি আপনার কোনো আইনজীবী না থাকে, তাহলে আপনি বিমা কোম্পানি ও তাদের আইনজীবীর সাথে আলোচনা করবেন। খুব সম্ভব বিমা কোম্পানিই চুক্তিটি তৈরি করবে। |
| When you, your lawyer and/or the insurance company agree on the terms of the settlement, the Workers' Compensation Board will review your agreement. A Section 32 waiver agreement is not final and binding on you and the insurance company until it's approved by the Board. You have ten days from the date of submission to withdraw from the agreement, and that date depends on whether or not you have a section 32 hearing.<br><br>If you have a hearing, the date of submission is your hearing date. If the law Judge approves the agreement at the hearing, and none of the parties withdraw in writing within the ten-day period, the Board will mail you the final section 32 decision. This is called a ***Notice of Approval – Section 32 Waiver Agreement,*** and is sent only after the withdrawal period ends. Once the final decision is issued after the initial ten-day period, the carrier is then required to pay you within the following ten days.<br><br>If a hearing isn't necessary and the Board approved the agreement, you will be sent a proposed but not yet final decision called a ***Proposed Notice of Approval – Section 32 Waiver Agreement***. This decision will include the submission date. You have ten days from the submission date to withdraw, in writing. The decision will also tell you the specific date that the agreement will become final if no parties withdraw within the ten-day period. The carrier is required to pay you within ten days of the final agreement date. | যখন আপনি, আপনার আইনজীবী এবং/বা বিমা কোম্পানি নিষ্পত্তির শর্তাবলীতে একমত হবেন, তখন শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড আপনার চুক্তিটি পর্যালোচনা করবে। বোর্ড কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত ধারা 32 মওকুফের চুক্তিটি চূড়ান্ত এবং আপনার ও বিমা কোম্পানির জন্য বাধ্যতামূলক নয়। চুক্তি থেকে প্রত্যাহার করার জন্য আপনার হাতে চুক্তি জমা দেওয়ার তারিখ থেকে দশ দিন সময় আছে এবং সেই তারিখটি নির্ভর করে আপনার ধারা 32 এর কোনো শুনানি আছে কিনা তার উপর।<br><br>যদি শুনানি থাকে, তাহলে শুনানির তারিখটিই হবে জমা দেওয়ার তারিখ। যদি আইন বিচারক শুনানিতে চুক্তিটি অনুমোদন করেন এবং দশ দিনের মধ্যে কোনো পক্ষই লিখিতভাবে চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার না করে, তাহলে বোর্ড আপনাকে ডাকযোগে ধারা 32 এর চূড়ান্ত সিদ্ধান্ত পাঠাবে। একে বলা হয় *অনুমোদনের নোটিশ –ধারা 32 মওকুফ চুক্তি* এবং শুধুমাত্র প্রত্যাহারের সময়কাল শেষ হওয়ার পরেই এটি পাঠানো হয়। প্রাথমিক দশ দিনের সময়কাল পরে একবার চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করা হয়ে গেলে, বাহককে পরবর্তী দশ দিনের মধ্যে আপনাকে অর্থ প্রদান করতে হবে।<br><br>যদি শুনানির প্রয়োজন না হয় এবং বোর্ড চুক্তিটি অনুমোদন করে, তাহলে আপনাকে প্রস্তাবিত কিন্তু এখনো চূড়ান্ত নয় এমন একটি সিদ্ধান্ত পাঠানো হবে যাকে *প্রস্তাবিত অনুমোদনের নোটিশ – ধারা 32 মওকুফ চুক্তি* বলা হয়। এই সিদ্ধান্তের মধ্যে জমা দেওয়ার তারিখ অন্তর্ভুক্ত থাকবে। জমা দেওয়ার তারিখ থেকে লিখিতভাবে প্রত্যাহার করার জন্য আপনার হাতে দশ দিন সময় আছে। দশ দিনের মধ্যে যদি কোনো পক্ষই নিজেকে প্রত্যাহার না করে তাহলে চুক্তিটি চূড়ান্ত হয়ে যাওয়ার নির্দিষ্ট তারিখটিও এই সিদ্ধান্তের মধ্যে উল্লেখ থাকবে। বাহককে চূড়ান্ত চুক্তির তারিখের দশ দিনের মধ্যে আপনাকে অর্থ প্রদান করতে হবে। |
| The Board is required to check for child support liens. By law, any money you receive in a settlement is put toward the child support lien. You will then receive the balance. If you used a lawyer, his or her fee will be deducted from the money due to you. | বোর্ডকে চাইল্ড সাপোর্ট লীনগুলো যাচাই করতে হবে। আইন অনুসারে, নিষ্পত্তিতে আপনি যে অর্থ পান সেটি চাইল্ড সাপোর্ট লীনে দেওয়া হয়। তারপর আপনি ব্যালেন্সটি পাবেন। যদি আপনি একজন আইনজীবীর সাহায্য নিয়ে থাকেন, তাহলে আপনার কাছে তার প্রাপ্য ফি কেটে নেওয়া হবে। |
| **Let's review** | **আসুন পর্যালোচনা করা যাক** |

| | |
|---|---|
| Agreeing to a Section 32 waiver is a serious decision. You're ending your claim or part of it in exchange for a payment. You're also permanently waiving your right to any future benefits or payments. If you decide to move forward with a Section 32 Waiver Agreement, you must carefully plan for your medical care and how you will manage the money you receive now to supplement future lost wages. | ধারা 32 মওকুফের সাথে একমত হওয়া একটি গুরুতর সিদ্ধান্ত। অর্থের বিনিময়ে আপনি আপনার দাবি বা তার অংশবিশেষ সমাপ্ত করছেন। আপনি ভবিষ্যতে যেকোনো বেনিফিট বা অর্থ প্রাপ্তির অধিকারও স্থায়ীভাবে প্রত্যাহার করছেন। যদি আপনি ধারা 32 মওকুফ চুক্তিতে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার চিকিৎসা সেবা ও এখন যে অর্থ পাবেন তা ভবিষ্যতে হারানো মজুরি পরিপূরণ করার কাজে ব্যবহারের বিষয়ে সতর্কতার সাথে পরিকল্পনা করতে হবে। |
| Only you can decide if a Section 32 Waiver agreement is right for you. If you have questions before signing, speak to your lawyer, if you have one. To contact the Workers' Compensation Board with questions about the process, call **(877) 632-4996**. | শুধুমাত্র আপনিই সিদ্ধান্ত নিতে পারেন যে ধারা 32 মওকুফ চুক্তিটি আপনার জন্য সঠিক কিনা। স্বাক্ষর করার আগে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার কোনো আইনজীবী থাকলে তার সাথে কথা বলুন। প্রক্রিয়াটি সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে সেগুলো নিয়ে শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডের সাথে যোগাযোগ করতে **(877) 632-4996** নম্বরে কল করুন। |